

REGIONAL NEWS

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date:15-11-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Jatiya Janajati Gourav Diwas :

কেন্দ্রীয় যোগাযোগ ও উত্তরপূর্ব উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য এম সিঙ্কিয়া আজ সকাল সাড়ে দশটায় আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে জাতীয় জনজাতি গৌরব দিবসের রাজ্যভিত্তিক অনুষ্ঠানের উদ্বোধন করবেন। অনুষ্ঠানে উপস্থিত থাকবেন তিন সাংসদ বিপ্লব কুমার দেব, কৃতি দেবী দেববর্মা ও রাজীব ভট্টাচার্য। তাছাড়া রাজ্য মন্ত্রিসভার সদস্য বিকাশ দেববর্মা, অনিমেষ দেববর্মা, শান্তনা চাকমা ও শুক্লচরণ নোয়াতিয়াও এই অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

ধরতি আবা জনজাতি গ্রাম উৎকর্ষ অভিযান উপলক্ষ্যে আজ সকালে কিছুক্ষণ পর আগরতলা শহরে বর্নাচ্য রেলি শুরু হবে।

এদিকে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দেশের ১০০টি জেলার সংগে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে মতবিনিময় করবেন। ঊনকোটি জেলা এর মধ্যে অন্যতম। এই উপলক্ষ্যে কুমারঘাটে বিভিন্ন দপ্তরের স্টল থাকবে, সাথে থাকবে সাংস্কৃতিক অনুষ্ঠানও। কেন্দ্রীয় খাদ্য জনসংভরন ও ক্রেতা স্বার্থ বিষয়ক দপ্তরের রাজ্য মন্ত্রী নিমুবেন জয়ন্তীভাই বস্বানিয়া আজ আমবাসায় জন জাতীয় গৌরব দিবস উদযাপনে অংশগ্রহণ করবেন।

PM Highest Honour :

ক্যারেবিয়ান দ্বীপপুঞ্জের দেশ ডমেনিকা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে তাঁদের সর্বোচ্চ রাষ্ট্রীয় সম্মান প্রদানের কথা ঘোষণা করেছে।

কোভিড অতিমারিকালে দেশটির পাশে থাকার জন্য প্রধানমন্ত্রী মোদীর অবদান এবং দুই দেশের মধ্যে অংশীদারিত্বকে শক্তিশালী করার ক্ষেত্রে তাঁর প্রচেষ্টার স্বীকৃতি হিসেবে 'ডোমিনিকা অ্যাওয়ার্ড অফ অনার' প্রদান করা হবে। দেশটির রাষ্ট্রপতি সিলভানি বার্টন আগামী ১৯ থেকে ২১ তারিখ পর্যন্ত গায়ানার জর্জটাউনে অনুষ্ঠিত 'ভারত- ক্যারিকম' শিখর সম্মেলনে এই সম্মান প্রদান করবেন।

CM wish :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে ডোমিনিকা-র সর্বোচ্চ জাতীয় সম্মান 'দ্য ডোমিনিকা অ্যাওয়ার্ড অফ অনার'-এ সম্মান প্রদান করার জন্য তাঁকে শুভেচ্ছা জানিয়েছেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। তিনি বলেন এই মর্যাদাপূর্ণ স্বীকৃতি তাঁর বৈশ্বিক প্রশংসা ও বিশ্বব্যাপী তাঁর ক্রমবর্ধমান প্রভাবকে চিহ্নিত করে এবং এই সম্মান তাঁর দূরদর্শী নেতৃত্বকে স্বীকার করে।

Janajatiya Gourav Diwas :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ জনজাতি গৌরব দিবসের অনুষ্ঠানে যোগ দিতে বিহারের জামুই সফর করবেন। সেখানে ভগবান বিরসা মুণ্ডার ১৫০তম জন্মবার্ষিকী বর্ষ উদযাপনের সূচনা করে প্রধানমন্ত্রী ভগবান বিরসা মুণ্ডার সম্মানে একটি স্মারক মুদ্রা এবং ডাকটিকিট প্রকাশ করবেন। তিনি এই অঞ্চলের গ্রামীণ ও প্রত্যন্ত অঞ্চলে উপজাতীয় সম্প্রদায়ের উন্নয়ন এবং পরিকাঠামো উন্নয়নের লক্ষ্যে ৬,৬৪০কোটি টাকারও বেশি মূল্যের একাধিক উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

Golden Jubilee :

সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় গতকাল কৈলাশহরের শিশু নিকেতন হাইস্কুলের ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে সুবর্ণজয়ন্তী বর্ষের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, রাজ্যের প্রাক্তন শিক্ষামন্ত্রী তপন চক্রবর্তী, বিধায়ক বীরজিৎ সিংহ, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায় প্রমুখ।

Review meeting SC Dept :

তপশিলি জাতি সম্প্রদায়ের মানুষের উন্নয়ন ত্বরান্বিত করতে কেন্দ্র ও রাজ্য সরকারের গৃহীত প্রকল্প ও পরিষেবাগুলি সুবিধা পৌঁছে দিতে দপ্তরের অগ্রণী ভূমিকা নিতে হবে। গতকাল গোখাবস্তির জনজাতি কল্যাণ দপ্তরের কনফারেন্স হলে তপশিলি জাতি কল্যাণ দপ্তরের রাজ্যভিত্তিক পর্যালোচনা সভায় মন্ত্রী সুধাংশু দাস একথা বলেন। তিনি বলেন, তপশিলি জাতি সম্প্রদায়ের কল্যাণে গৃহীত প্রকল্পের সুবিধা যথাযথভাবে রূপায়ণ করতে হবে। ২০২৪-২৫ অর্থবছরে দপ্তরের গৃহীত কর্মসূচির পর্যালোচনা ছাড়াও আগামী অর্থবছরের কর্মপরিকল্পনা রূপায়ণেও দপ্তরকে অগ্রাধিকার দিতে হবে। সভায় তপশিলি জাতি কল্যাণ দপ্তরের সচিব দীপা ডি নায়ার, অধিকর্তা জয়ন্ত দে, যুগ্ম অধিকর্তা ভাস্কর ভট্টাচার্য, উপঅধিকর্তা প্রদীপ রিয়াং প্রমুখ উপস্থিত ছিলেন।

Withdrawal of restriction :

রাজ্যে পেট্রো পণ্যের আমদানি ও চাহিদা অনুযায়ী যোগানের উন্নতি হওয়ায় গতকাল থেকে পেট্রোল বিক্রয়ের উপর বিধিনিষেধ প্রত্যাহার করা হয়েছে। জনসাধারণের অবগতির জন্য খাদ্য, জনসংভরণ ও ক্রেতা স্বার্থ বিষয়ক দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।

International Trade Fair :

৪৩তম ভারত আন্তর্জাতিক বাণিজ্য মেলা গতকাল নতুনদিল্লির ভারত মণ্ডপে শুরু হয়েছে। কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযুষ গোয়েল ১৪ দিনের এই মেলায় উদ্বোধন করেন। ত্রিপুরাও এই মেলায় অংশগ্রহণ করেছে। গতকাল থেকে আগামী ২৭ নভেম্বর পর্যন্ত চলা এই মেলায় ভারত মন্ডপে ত্রিপুরা প্যাভিলিয়নের উদ্বোধন করেন রাজ্যের শিল্প ও বাণিজ্য দপ্তরের মন্ত্রী সান্ত্বনা চাকমা। ত্রিপুরা প্যাভিলিয়নে বিভিন্ন বিষয়ের উপর প্রদর্শনী ও রাজ্যে উৎপাদিত পণ্য সামগ্রী নিয়ে অংশগ্রহণ করেছে বিভিন্ন দপ্তর ও স্বশাসিত সংস্থা।

Santosh Trophy :

সন্তোষ ট্রফি জাতীয় সিনিয়র ফুটবল প্রতিযোগিতার ডি-গ্রুপের খেলা আজ থেকে শুরু হচ্ছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে সকাল ৯ টায় উদ্বোধনী খেলায় মণিপুর ও সিকিম পরস্পরের মুখোমুখি হবে। বিকাল ৪টায় ত্রিপুরা খেলবে মিজোরামের বিরুদ্ধে।

Naidu Trophy :

ত্রিপুরা ও ওড়িশার মধ্যে কর্ণেল সি কে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলা আজ থেকে শুরু হচ্ছে। ওড়িশার সুন্দরগড়ে এই ম্যাচটি হবে। আসরে এটি উভয় দলের পঞ্চম ম্যাচ।

Ranji Trophy :

রঞ্জি ট্রফির চারদিনের খেলায় ত্রিপুরার বিরুদ্ধে প্রথম ইনিংসে লিড নিয়েছে জম্মু-কাশ্মীর। জম্মুর হোস্টেল মাঠে অনুষ্ঠিত খেলার দ্বিতীয় দিনে গতকাল রাজ্যদলের প্রথম ইনিংসের ১৬৫ রানের

জবাবে স্বাগতিক জম্মু-কাশ্মীর প্রথম ইনিংসে সবকাটি উইকেট হারিয়ে ১৭৫ রান সংগ্রহ করে। রাজ্যদলের পক্ষে মণিশংকর মুড়াসিং ৬৮ রানে ৫টি উইকেট পান। ১০ রানে পিছিয়ে থেকে দ্বিতীয় ইনিংসে খেলতে নেমে রাজ্যদল দিনের শেষে ৭ উইকেট হারিয়ে ১৭০ রান করে।

Weather :

আজ আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা লক্ষ্য করা গেছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা পরিলক্ষিত হয়েছে ১৯.৭ ডিগ্রি সেলসিয়াস।
